

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রোকেয়া বেগম, মহিলা উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১৬/০১/২০২৩ খ্রিঃ, সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, উপজেলা কৃষি অফিসার, পাংশা জানান যে, পাংশা উপজেলার ১০ টি ইউনিয়নে বোরো ধানের মৌসুম চলমান এবং ধানের অবস্থা ভালো। তবে এ বৎসর বুকভরা আশা করছি যে বোরো ধানের বাম্পার ফলন হবে। তিনি আরও জানান যে, পাংশা উপজেলার ১০ টি ইউনিয়নে কৃষকদের জরিপ কাজ শেষ হয়েছে মোট ৭৩,০০০ জন কৃষক অত্র উপজেলায় রয়েছে এবং কৃষি তথ্য বাতায়ন নামে একটি ওয়েবপোর্টাল খোলা হয়েছে। উক্ত ওয়েবপোর্টালে চাষীদের তথ্য পাওয়া যাবে।</p> <p>খ. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা সভায় জানান যে, আসন্ন বোরো মৌসুমে পাংশা উপজেলায় সারের যাতে কৃত্রিম সংকট না হয় এ ব্যাপারে বিশেষ নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। গ. উপজেলা নির্বাহী অফিসার, পাংশা প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোসহ খুচরা ব্যবসায়ী ও ডিলারগণ যাতে কারসাজির মাধ্যমে সারের মূল্য বাড়াতে না পারে এ ব্যাপারে নজরদারি বৃদ্ধি করার জন্য সকল ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</p> <p>তিনি আরও জানান যে, গ্রাম গঞ্জে অনেক আলু উৎপাদিত হয়েছে তা সংরক্ষণ করতে হবে এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এগ্রিমেন্ট/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

রোকেয়া বেগম -  
(রোকেয়া বেগম)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, পাংশা।

তারিখঃ ১৬/০১/২০২৩

স্মারক নং-কৃষি ও সেচ/পাংশা/২০২৩- ৪৬

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।

৫। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।



উপজেলা কৃষি অফিসার  
পাংশা, রাজবাড়ী

১৬/০১/২০২৩ খ্রিঃ তারিখ কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষরিত
১.	রোকেয়া বেগম মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাংশা।	সভাপতি	রোকেয়া বেগম
২.	চেয়ারম্যান পাড়া ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৩.	চেয়ারম্যান সরিষা ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৪.	চেয়ারম্যান কালিমহর ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৫.	চেয়ারম্যান কসবামাঝাইল ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৬.	চেয়ারম্যান মৌরাত ইউনিয়ন পরিষদ,	সদস্য	
৭.	উপজেলা কৃষি কর্মকর্তা পাংশা, রাজবাড়ী।	সদস্য সচিব	